


ঈশ্বর তোমাকে
স্বর্গে নিয়ে যাবেন



ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ-
ঈশ্বর হনোককে জীবিত অবস্থায় স্বর্গে নিলেন।
তোমাদের জন্য তিনি
স্বর্গে সুন্দর বাসস্থান তৈরী করেছেন। ঈশ্বরের সংগে
চল (তাহলে)
তিনি তোমাদের স্বর্গে নেবেন।



বাইবেল থেকে এই অংশটি
পাঁচবার জোরে পড়।

হনোক ঈশ্বরের সংগে চলাফেরা করতেন।
পরে তিনি আর থাকলেন না। কারণ ঈশ্বর তাকে
গ্রহণ করলেন। আদি-৫ : ২৪..... আমি স্বর্গের
একটা দরজা খোলা দেখতে পেলাম এবং একটা আওয়াজ.....
আমাকে বললো "তুমি এখানে উঠে এসো।" প্রকাশিত বাক্য ৪ : ১

এটা কি করতে পার?

নীচে এইভাবে লাইন টান।

বাঁ পাশের শব্দের সংগে ডান পাশের বিষয়ের মিল দেখাও।

- | | | | |
|--------|---|---|--|
| ঈশ্বর- | ● | ● | ঈশ্বরের সুন্দর বাসস্থান। |
| হনোক- | ● | ● | চান যেন তোমরা তার সংগে চলাফেরা কর। |
| স্বর্গ | ● | ● | ঈশ্বরের সংগে চলাফেরা করে স্বর্গে যেতে পার। |
| তোমরা | ● | ● | না মরেই স্বর্গে গেলেন। |

সঠিক উত্তর

ঈশ্বর



ঈশ্বরের সুন্দর বাসস্থান

হনোক



চান যেন তোমরা তার সংগে চলাফেরা কর।

স্বর্গ



ঈশ্বরের সংগে চলাফেরা করে স্বর্গে যেতে পার।

তোমরা



না মরেই স্বর্গে গেলেন।

ঈশ্বর হনোনকে জীবিত অবস্থায়ই স্বর্গে নিলেন।

নীচে বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির
নীচে লম্বা দাগ দাও।



আদমের অনেক ছেলেমেয়ে ছিল এবং
তাদেরও অনেক ছেলেমেয়ে ছিল।
ফলে তাদের থেকেই অনেক অনেক লোক হলো।

● ঈশ্বর সকল লোকদের ভালবাসলেন ●
তিনি তাদের সংগে চলতে ও কথা বলতে
চাইলেন।
তাদের তিনি স্বর্গে নিয়ে যেতে চাইলেন।

কিন্তু অনেক লোক ঈশ্বরকে ভালবাসল না।
তারা প্রার্থনা করল না ও ঈশ্বরের
সংগে কথা বললো না।

তারা কয়নের মত হলো। তারা চাইল
নিজেদের পথ ধরে চলতে।

ঈশ্বর যা বললেন তারা তা করলো না
তারা ঈশ্বরের সংগে চললো না।

● তাদের পাপ ঈশ্বরের সংগে বিচ্ছেদ ঘটাল ●

পাপ



কিন্তু হনোক ঈশ্বরকে ভালবাসলেন।
হেবল যেমন ঈশ্বরের কাছে আসলো
হনোকও তাই করলেন।
তার পাপের জন্য একটা মেষকে
বলিরাপে আনলেন। হনোকের যত খারাপ কাজ ছিল ঈশ্বর
তা ক্ষমা করলেন। ঈশ্বর হনোকের পাপ তুলে নিলেন এবং
তাকে পবিত্র করলেন।



- হনোক প্রার্থনার মাধ্যমে প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলতেন।
- হনোক প্রতিদিন ঈশ্বরের সংগে পথ চলতেন। ঈশ্বর যেমত বলতেন সেইমত তিনি চলতেন।
- হনোক ঈশ্বরের সংগে চলতেন অর্থাৎ তিনি স্বর্গের পথেই চলতেন।


ঈশ্বর ও হনোক একে অন্যকে ভালোবাসতেন।
ঈশ্বর হনোককে তার কাজের সাহায্যের জন্যে
বাবহার করলেন।

হনোক তার প্রতিবেশীকে ঈশ্বরের কথা বললেন।
তাদের কাছে কি বলতে হবে, হনোককে ঈশ্বর তা বলে দিলেন।
হনোক অন্যকেও ঈশ্বরের পথে আনার চেষ্টা করলেন। অনেকে
হনোকের কথা শুনল না (ফলে) কয়িনের মতই তারা পাপী রইলো।

- যারা ঈশ্বরের সংগে পথ চলে মরলে পরে তারা স্বর্গে যায়।

কিন্তু ঈশ্বর হনোককে জীবিত অবস্থাই
স্বর্গে নিলেন।

ঈশ্বর হনোককে সংগে নিয়ে তার
সুন্দর বাসস্থানে গেলেন।
যেখানে সবকিছু খাঁটি
এবং যেখানে সবাই সুখী।



স্বর্গে ঈশ্বর তোমার জন্য সুন্দর বাসস্থান রেখেছেন। সেখানে এমন কেউ নেই যে তোমাকে আঘাত করবে। সেখানে তোমরা সর্বদা ভাল ও সুখে থাকবে। তোমরা কখনও অসুস্থ ও ক্ষুধার্ত হবে না বা শীতে কষ্ট পাবে না। যার যা প্রয়োজন সেই স্বর্গীয় বাসস্থানে সে তা পাবে। সেখানে তুমি সুন্দর বন্ধু পাবে।

● সবচেয়ে পরম বন্ধু সেই ঈশ্বরকে তুমি পাবে। যিনি তোমাদের ভালবাসেন এবং তোমাদের সেখানে নিয়ে যেতে চান। ●

ঈশ্বরের সংগে চল। তিনি তোমাকে স্বর্গে নিয়ে যাবেন।

ঈশ্বর এক ত্রাণকর্তা পাঠিয়েছেন তোমাদের পাপ তুলে নেবার জন্য।

● সেই ত্রাণকর্তা হলেন ঈশ্বরের পুত্র যীশু। ●
তোমরা যীশুকে দেখতে পাও না কিন্তু তিনি আছেন।

ঈশ্বরের সংগে যাতে পথ চলতে পার, সেইহেতু যীশু এসেছেন।

তাকে তোমার পাপ ক্ষমা করতে বল। যীশুকে তোমার ত্রাণকর্তা হিসাবে গ্রহণ কর।

প্রার্থনার মাধ্যমে ঈশ্বরের সংগে প্রতিদিন কথা বল। বাইবেলে ঈশ্বর যা তোমাকে

করতে বলেন তাই কর। এই-ই হচ্ছে ঈশ্বরের সংগে পথ চলা। তিনি তোমাকে স্বর্গে নিয়ে যাবেন।



এই প্রার্থনাটি শেখ-

যীশু, তুমি আমার ত্রাণকর্তা হয়ে এস।
দয়া করে আমার পাপ (তুমি) তুলে নাও।
যাতে আমি স্বর্গে যেতে পারি।
প্রতিদিন ঈশ্বরের সংগে পথ চলতে
আমাকে সাহায্য কর।



এবারে ৬ষ্ঠ পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।